গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা

2017 সালে 9 গ্রেডে নবাগত শিক্ষার্থীদের জন্য

ক্রেডিটের বাধ্যবাধকতা

লোকাল, রিজেন্টস, এবং অ্যাডভান্সড় রিজেন্টস্ ডিপ্লোমা

শিক্ষার্থীদের অবশ্যই অপর পৃষ্ঠায় তালিকাভুক্ত পরীক্ষার শর্ত পূরণ করতে হবে, এ ছাড়াও, অবশ্যই লোকাল, রিজেন্টস, অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা অর্জনের জন্য নিম্নলিখিত ক্রেডিট অর্জন করতে হবে। ক্রেডিটের শর্ত সব ধরনের ডিপ্লোমার জন্য অনুরূপ, শুধু উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা ছাড়া, নিচে নির্দেশিত ক্ষেত্রগুলো ছাড়া।

	ন্যূনতম বাধ্যবাধকতা[1]
ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA)	8
সোশ্যাল স্টাডিজ *যেভাবে বন্টন হয়েছে:* গ্লোবাল হিস্ট্রি (৪) ইউএস হিস্ট্রি (২) পার্টিসিপেশন ইন গভর্নমেন্ট (1) ইকোনমিক্স (১)	8
ম্যাথ অ্যাডভান্সড ম্যাথ (যেমন জিওমেট্রি, অ্যালজেব্রা II)-এ কমপক্ষে 2 ক্রেডিটসহ	6
সায়েন্স (ল্যাবসহ): *যেভাবে বন্টন হয়েছে:* লাইফ সায়েন্স (2) ফিজিক্যাল সায়েন্স (2) লাইফ সায়েন্স অথবা ফিজিক্যাল সায়েন্স (2)	6
ল্যাঙ্গুয়েজ আদার দ্যান ইংলিশ (LOTE)[2]	2 (অ্যাডভান্সড রিজেন্টস্-এর জন্য 6)[3]
ভিস্যুয়াল আর্ট, মিউজিক, ড্যান্স এবং/অথবা থিয়েটার	2
শরীরচর্চা শিক্ষা প্রতিবছর, নির্দিষ্ট প্যাটার্নে বণ্টনকৃত	4
হেলথ	1
ইলেকটিভস	7 (অ্যাডভান্সড রিজেন্টস্-এর জন্য 3)
মোট	**44**

কলেজ ও কর্মপ্রস্তুতির লক্ষ্যে

বাম দিকে যেসব কোর্স ও ক্রেডিটের উল্লেখ আছে, শিক্ষার্থীদের ডিপ্লোমাসহ গ্র্যাজুয়েট হতে সেগুলো বাধ্যতামূলক, তবে কলেজ ও কর্মক্ষেত্রের জন্য প্রকৃত প্রস্তুত হতে হলে শিক্ষার্থীদের বাড়তি কোর্স ও অভিজ্ঞতার প্রয়োজন হতে পারে। নিচে তালিকাভুক্ত কোর্স ও অভিজ্ঞতাগুলো শিক্ষার্থীদেরকে হাই স্কুল থেকে কলেজে বা কর্মক্ষেত্রে স্থানান্তরিত হওয়ার জন্য প্রস্তুত করে।

যেসব কোর্স কলেজ ও পেশা প্রস্তুতিতে সাহায্য করে

ম্যাথ: রিজেন্টস্ স্তরের ক্রেডিট, নিচের বিষয়গুলিসহ ক্রম:

- ✓ অ্যালজেব্রা I
- ✓ জিওমেট্রি
- ✓ অ্যালজ্যাবরা II

বিজ্ঞান: 8 রিজেন্টস্ স্তরের ক্রেডিট, যার অন্তর্ভুক্ত আছে নিচের তালিকাভুক্ত কোর্সগুলো থেকে কমপক্ষে তিনটি নিয়ে তৈরি একটি পাঠ ধারাক্রম:

- ✓ লিভিং এনভায়রনমেন্ট
- ✓ কেমিস্ট্রি
- ✓ ফিজিক্স
- ✓ এপি সায়েন্স কোর্স

অ্যাডভান্সড় কোর্স

অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP) কোর্স

ইন্টারন্যাশনাল ব্যাকালরিয়েট (IB) কোর্স

কলেজ ক্রেডিটের জন্য কোর্স যেমন:

- ✓ কলেজ নাউ
- ✓ কিউনি আর্লি কলেজ

বিকল্প বিদায়ী শংসাপত্র

বর্তমানে দুইটি ক্রেডেনশিয়াল (স্বীকৃতিপত্র) পাওয়া যায়: CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল ও স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল, আরও বিস্তারিত বর্ণনা নিচে আছে। বিদ্যমান বিকল্প গ্র্যাজুয়েশনের ক্রেডেনশিয়াল ***হাই স্কুল ডিপ্লোমার সমতুল নয়।*** এসব শংসাপত্র গ্রহণকারী শিক্ষার্থীরা হাই স্কুল ডিপ্লোমা অর্জন করা অথবা যে বছর তাদের 21 বছর হয় সেই পর্যন্ত (যেটি আগে আসে) স্কুলে ক্লাস করার জন্য যোগ্য। এসব ক্রেডেনশিয়াল কিন্ডারগার্টেনে ব্যতীত 12 বছর স্কুলে কাটানর পর পেতে পারে। এসব ক্রেডেনশিয়াল সম্পর্কে আরো জানতে শিক্ষার্থীদেরকে তাদের স্কুলে প্রশ্ন করতে হবে।

কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

CDOS শিক্ষণ আদর্শমানের দক্ষতা অর্জনের মাধ্যমে প্রাথমিক স্তরের কাজের জন্য শিক্ষার্থীর প্রস্তুতির স্বীকৃতি দেয়। শিক্ষার্থীরা পেশা পরিকল্পনা, নিয়োগ-যোগ্যতার প্রোফাইল, এবং কাজভিত্তিক শিখনের কমপক্ষে স্কুলসমর্থিত 54 ঘন্টাসহ পেশা প্রস্তুতি অভিজ্ঞতা অর্জনে 216 ঘন্টা সম্পন্ন করে এই শংসাপত্র পেতে পারেন। ক্রেডেনশিয়াল প্রদান করা হতে পারে শুধু সমাপণী ক্রেডেনশিয়াল হিসেবে, একটি ডিপ্লোমার অনুমোদন হিসেবে, কিংবা +1 বিকল্প হিসেবে (আরও তথ্যের জন্য উল্টো পৃষ্ঠায় দেওয়া তথ্য দেখুন)।

স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

শিক্ষার্থীদের উত্তর-স্কুল জীবনযাপন, শিখন এবং কাজের জন্য আবশ্যক অ্যাকাডেমিক, পেশা উন্নয়ন প্রাথমিক যোগ্যতার দক্ষতা, সফলতা ও অন্যান্য আবশ্যক বুনিয়াদের স্বীকৃতি দেয়। এই শংসাপত্র কেবলমাত্র নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA) এ অংশগ্রহণকারী মারাত্মক জ্ঞানগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের দেওয়া যাবে।

1শিক্ষার্থীদের CTE স্বীকৃতিসহ গ্র্যাজুয়েট করার জন্য সর্বমোট 44 ক্রেডিটের বেশি অর্জন করতে হতে পারে। সিটিই কর্মসূচির শিক্ষার্থীদের এসব বাধ্যবাধকতা সম্পর্কে তাদের স্কুলে খবর নেওয়া উচিত।

2 কোন শিক্ষার্থী, যার IEP-তে এমন কোন প্রতিবন্ধিতার কথা উল্লেখ আছে যা তার ভাষা শিক্ষাকে বাধাগ্রস্ত করে, সে LOTE-এর বাধ্যবাধকতামুক্ত হতে পারলেও তাদেরকে 44 ক্রেডিট অর্জন করতে হবে।

3 অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমার সাথে আর্টস অথবা CTE স্বীকৃতি সম্পন্ন শিক্ষার্থীদের LOTE শুধু 2 ক্রেডিট অর্জন করতে হবে। এসব স্বীকৃতি সম্পর্কে জানতে উল্টোপৃষ্ঠা দেখুন।

পরীক্ষার বাধ্যবাধকতা→

এপ্রিল 2017 অবধি NYSED প্রবিধানের

পরীক্ষার শর্তাবলী

গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা

2017 সালে 9 গ্রেডের নবাগত শিক্ষার্থীদের জন্য

ডিপ্লোমার ধরন	স্থানীয় (শুধু যোগ্য শিক্ষার্থীদের জন্য)[4]	রিজেন্টস	অ্যাডভান্সড রিজেন্টস
	শিক্ষার্থীদের অবশ্যই অপর পৃষ্ঠায় তালিকাভুক্ত ক্রেডিটের শর্ত পূরণ করতে হবে, এ ছাড়াও, অবশ্যই লোকাল, রিজেন্টস, অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা অর্জনের জন্য নিম্নলিখিত পরীক্ষাগুলোতে উত্তীর্ণযোগ্য স্কোর অর্জন করতে হবে। লোকাল ডিপ্লোমা শুধু সেসব শিক্ষার্থীদের জন্য যারা সেফটি-নেট-এর যোগ্য বা যাদের নির্দিষ্ট কোন মঞ্জুরিকৃত আপিল আছে।[4] আবশ্যিক স্কোর ও পরীক্ষা, যা অবশ্যই সম্পন্ন করতে হবে, তা নির্ভর করে কোন শিক্ষার্থী কোন্ ধরনের ডিপ্লোমা করছে, তার উপর।		
রিজেন্টস পরীক্ষা[5]	**ন্যূনতম বাধ্যবাধকতা**		
ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA)	55+	65+	65+
সোশ্যাল স্টাডিজ • ইউএস হিস্ট্রি অথবা • গ্লোবাল হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি	একটি সমাজপাঠ পরীক্ষায় 55+	একটি সমাজপাঠ পরীক্ষায় 65+	একটি সমাজপাঠ পরীক্ষায় 65+
ম্যাথ • অ্যালজেব্রা I • জিওমেট্রি: অথবা • অ্যালজ্যাবরা II	একটি ম্যাথ পরীক্ষায় 55+	একটি ম্যাথ পরীক্ষায় 65+	তিনটি ম্যাথ পরীক্ষার সবটিতে 65+
সায়েন্স • লিভিং এনভায়রনমেন্ট, • আর্থ সায়েন্স, • কেমিস্ট্রি, অথবা • ফিজিক্স	একটি সায়েন্স পরীক্ষায় 55+	একটি সায়েন্স পরীক্ষায় 65+	লিভিং এনভায়রনমেন্ট ও অপর একটি সায়েন্স পরীক্ষায় 65+
ল্যাঙ্গুয়েজ আদার দ্যান ইংলিশ (LOTE)	আবশ্যিক নয়	আবশ্যিক নয়	NYC LOTE পরীক্ষায় 65+ [6]
+1 বিকল্প[5]	যেকোন বাড়তি রিজেন্টস পরীক্ষা অথবা স্টেট-অনুমোদিত +১ বিকল্পে 55+	যেকোন বাড়তি রিজেন্টস পরীক্ষা অথবা স্টেট-অনুমোদিত +১ বিকল্পে 65+	যেকোন বাড়তি রিজেন্টস পরীক্ষা অথবা স্টেট-অনুমোদিত +১ বিকল্পে 65+

কলেজ ও কর্মপ্রস্তুতির লক্ষ্যে

বাঁয়ে তালিকাভুক্ত পরীক্ষাগুলো শিক্ষার্থীদের ডিপ্লোমাসহ গ্র্যাজুয়েট হতে হলে আবশ্যক, কিন্তু এসব পরীক্ষায় বেশি নম্বর লাভ, বাড়তি পরীক্ষায় অংশগ্রহণ, এবং ডিপ্লোমা এনডোর্সমেন্ট অর্জন শিক্ষার্থীদের কলেজে অথবা কর্মস্থলে সফল উত্তরণে সহায়তা করতে পারে। রিডিং, রাইটিং এবং ম্যাথ-এ নিম্নোল্লিখিত স্কোর লাভ করলে তা শিক্ষার্থীদেরকে CUNY-তে রিমেডিয়াল (সংশোধনী) থেকে অব্যাহতি পেতে সহায়তা করবে।

যেসব কোর্স কলেজ ও পেশা প্রস্তুতিতে সাহায্য করে

রিডিং (পঠন) এবং রাইটিং (লিখন):
- ✓ ইংলিশ রিজেন্টস পরীক্ষায় স্কোর 75+
- ✓ SAT ক্রিটিকেল রিডিং, । ভার্বাল (বাচিক), কিংবা এভিডেন্স-বেজড় রিডিং অ্যান্ড রাইটিং স্কোর 480+
- ✓ ACT ইংলিশ নম্বর 20+
- ✓ কিউনি অ্যাসেসমেন্ট টেস্ট-এ পাশ নম্বর

ম্যাথ:
- ✓ যেকোন গণিত রিজেন্টস পরীক্ষায় 80+ ও অ্যালজেব্রা II / ট্রিগোনোমেট্রি বা উচ্চতর গণিতে উত্তীর্ণযোগ্য স্কোর
- ✓ কমন কোর-এর সাথে সামঞ্জস্যবিধানকৃত অ্যালজেব্রা I বা জিওমেট্রি রিজেন্টস পরীক্ষায় 70+ স্কোর অথবা
  অ্যালজেব্রা II / ট্রিগোনোমেট্রি পরীক্ষায় 65+ স্কোর
- ✓ ম্যাথ SAT স্কোর 500+ অথবা SAT ম্যাথ সেকশন (2016-এর মার্চে বা পরে) স্কোর 530+
- ✓ ACT ইংলিশ স্কোর 21+
- ✓ কিউনি অ্যাসেসমেন্ট টেস্ট-এ পাশ নম্বর

অন্যান্য সাফল্য:
- ✓ যেকোন অ্যাডভান্সড প্লেসমেন্ট AP) পরীক্ষায় 3+ নম্বর লাভ
- ✓ যেকোন ইন্টারন্যাশন্যাল ব্যাকালরিয়েট (IB) পরীক্ষায় 4+ নম্বর লাভ
- ✓ কলেজ ক্রেডিট অর্জন করা যায় এমন কোনো কোর্সে "C" বা বেশি পেয়ে পাশ
- ✓ অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা অর্জন
- ✓ CTE ডিপ্লোমা সনদ এবং/অথবা লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেশন লাভে শিল্প-স্বীকৃত মূল্যায়ন পাশ
- ✓ আর্টস ডিপ্লোমা অর্জন

ডিপ্লোমা এনডোর্সমেন্ট

সফলতার সাথে বাড়তি কোর্স ও পরীক্ষা সম্পন্ন করার স্বীকৃতি হিশেবে শিক্ষার্থীরা ডিপ্লোমা এনডোর্সমেন্ট অর্জন করতে পারে। নিচের কোনো এনডোর্সমেন্টের জন্য তারা যোগ্য কিনা জানতে শিক্ষার্থীরা স্কুলে খোঁজ নিতে পারে: আর্টস এনডোর্সমেন্ট, সিল অভ বাইলিটারেসি, CDOS এনডোর্সমেন্ট, CTE এনডোর্সমেন্ট, অনার্স স্বীকৃতি, ম্যাথ-এ দক্ষতা, বিজ্ঞানে দক্ষতা, এবং সার্ভিস সিল-এর সুযোগ রয়েছে।

[4] গ্র্যাজুয়েশনের শর্ত পূরণের জন্য প্রতিবন্ধিতাযুক্তসহ কিছু শিক্ষার্থী বাড়তি বিকল্প পেতে পারে। এসব শিক্ষার্থী লোকাল ডিপ্লোমার যোগ্য হতে পারে, যা শিক্ষার্থীদেরকে পরীক্ষায় নিম্ন স্কোরসহ গ্র্যাজুয়েট হওয়ার সুযোগ দেয়। শিক্ষার্থী ও পরিবারসমূহের উচিৎ তাদের স্কুলে কথা বলা।

[5] নিউ ইয়র্ক স্টেট এডুকেশন অনুমোদিত অন্যান্য মূল্যায়ন/অভিজ্ঞতা +1 অপশন পূরণ করতে বা রিজেন্টস্ পরীক্ষার পরিবর্ত হতে পারে। কেরিয়ার ডেভেলপমেন্ট ও অকুপেশনাল স্টাডিজ এবং CDOS +1 অপশনসহ এসব অপশন সম্পর্কে শিক্ষার্থীদের স্কুলে খোঁজ নেওয়া উচিত। সিডিওএস CDOS+1 অপশন ব্যবহারকারী শিক্ষার্থীদের পেশা পরিকল্পনা, নিয়োগ-যোগ্যতার প্রোফাইল পূরণ করতে হবে, এবং স্কুল সমর্থিত কাজভিত্তিক শিখনের কমপক্ষে 54 ঘন্টাসহ পেশা প্রস্তুতি অভিজ্ঞতা অর্জনে 216 ঘন্টা এর অন্তর্ভুক্ত হতে হবে।

[6] অ্যাডভান্সড রিজেন্টস্ ডিপ্লোমাসহ আর্টস ও CTE অ্যান্ডোর্সমেন্ট সম্পন্নকারী শিক্ষার্থীকে LOTE পরীক্ষা দিতে হবে না। অনুরুপভাবে, কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যার আইইপি নির্দেশ করে যে প্রতিবন্ধিতা তার ভাষা শিক্ষার ক্ষমতাকে মারাত্মক সংকুচিত করে, তাকে অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোম সম্পন্ন করর জন্য LOTE পরীক্ষা দিতে হয় না।

ক্রেডিটের বাধ্যবাধকতা →